

**West Bengal State University**  
**B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2014**  
**PART-III**

**বাংলা - সাম্মানিক**

**ষষ্ঠ পত্র**

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নান্বের নির্দেশক  
উভয় যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১) মানিক বন্দোপাধ্যায় নিজে 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাস সম্পর্কে একবার লিখেছিলেন 'এ বইখানা মানুষকে যারা পুতুলের মতো নাচায় তাদের বিরুদ্ধে দরদী প্রতিবাদ' — উপন্যাসিকের এই ভাবনার সূত্রে উপন্যাসটির নামকরণের বহুমাত্রিক তাৎপর্য বিশ্লেষণ করো। ১৫

অথবা

'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসে গোপাল ও যাদব চরিত্র দুটির গুরুত্ব কতখানি তাৎপর্যপূর্ণ হয়ে উঠেছে ?  
আলোচনা করে বুঝিয়ে দাও।  $\frac{7}{2} + \frac{7}{2}$

- ২) 'আরণ্যের অধিকার' উপন্যাসের গঠনরীতি 'এপিসোডধর্মী' — ব্যাখ্যা করো। ১৫

অথবা

'স্বাধিকার বোধ ও বিপ্লবেরই আর এক নাম ধানী মুণ্ডা' — চরিত্রটি বিশ্লেষণ করে তোমার অভিমত ব্যক্ত করো। ১৫

- ৩) 'পয়লা নম্বর' গল্প অবলম্বনে অনিলার সঙ্গে আবৈতচরণ ও সিতাংশুমৌলির সম্পর্ক উমোচন করে বাংলা ছেটোগল্পে অনিলা চরিত্রটির অভিনবত্ব ও আধুনিকতার স্বরূপ বিশ্লেষণ করো। ১৫

অথবা

রবীন্দ্রনাথের 'একরাত্রি' গল্পের শেষে আছে — "আমি এই এক রাত্রে মহাপ্রলয়ের তীরে দাঁড়াইয়া অনন্ত আনন্দের আস্থাদ পাইয়াছি।" — মহাপ্রলয়ের তীরে দাঁড়িয়ে অনন্ত আনন্দের আস্থাদন কীভাবে সম্ভব — 'একরাত্রি' গল্প অবলম্বনে তা আনুপূর্বিক বিশ্লেষণ করো। ১৫

- ৪) ‘পয়েমুখম’ গল্পে ‘মানব চরিত্রের পৈশাচিতার অনাবৃত রূচি প্রকাশ’ ঘটলেও ফল পরিণামে গল্পকার পাঠকের প্রত্যশ্যাকেই পূরণ করেছেন — আলোচনা করো। ১৫

অথবা

‘টোপ’ গল্পটির নামকরণ কর্তৃপক্ষ সঙ্গতিপূর্ণ হয়েছে — আলোচনা করো। ১৫

- ৫) মধ্যবিত্ত সমাজে নারীর প্রসূত প্রতিভা চিরকালই থেকে যায় উপেক্ষিত, ‘অন্তঃসলিলা’ গল্পের শকুন্তলা চরিত্রটি তারই প্রতীক — আলোচনা করো। ১৫

অথবা

‘চোর’ গল্পটি অবলম্বনে জ্যোতিরিণ্ড্র নন্দীর সমাজ সচেতনতার পরিচয় দাও। ১৫

- ৬) ক) “সংসারে মানুষ চায় এক, হয় আর। চিরকাল এমনি দেখে আসছি ডাঙ্কারবাবু।” — কার উক্তি? ডাঙ্কারবাবু কে? কোন প্রসঙ্গে বক্তার এই উক্তি? ১ + ১ + ৩

অথবা

“এলে না কেন গো? ডুরে শাড়িটি পরে, চুলটি বেঁধে কনে বৌটি সেজে যে বসেছিলাম তোমার জন্যে।” — কে, কার প্রতীক্ষায় বসেছিল? এতে বক্তার কোন মনোভাব ব্যঙ্গিত হয়েছে? ২ + ৩

খ) “জেলহাজতে বিনা বিচারে আটক কোনো বন্দি সহসা কলেরায় মারা গেলে যে-ভাবে সৎকার করা হয়, তেমনি করেই সৎকার হবে।” — কার প্রতি কার উক্তি? কোন প্রসঙ্গে বক্তার এই উক্তি? ১ + ১ + ৩

অথবা

‘যা দেখ দিকুতে সাহেবে মিলে মোরে বারবার অশু করে।’ — কার অশুচি হওয়ার কথা বলা হয়েছে? তার অশুচি হওয়ার কারণ কী ছিল? ১ + ৪

গ) ‘পাখি কিছু কিছু গান শিখিল এবং একদিন প্রত্যুষে উড়িয়া চলিয়া গেল।’ — কার কথা বলা হয়েছে? তাকে ‘পাখি’ বলার কারণ কী? প্রসঙ্গ কী? ১ + ১ + ৩

অথবা

‘একজন সুবিস্তীর্ণ রোদ্রে, আর একজন ক্ষুদ্র তরুচ্ছায়ায়।’ — কোন গল্পে দুজনের কথা এখানে বলা হয়েছে? কাহিনীতে উদ্ধৃত অংশের তাৎপর্য ব্যাখ্যা করো। ১ + ১ + ১ + ২

ঘ) ‘বসতবাড়ি ভাড়া দিয়েছি বলে ভোটার তালিকায় নাম থাকবে না আমার।’ — কোন গল্পে কার উক্তি? প্রসঙ্গ উল্লেখ করো। ১ + ১ + ৩

অথবা

‘সেদিন অনেকদিন পরে ভাল সিগারেট টেনেছিল সুব্রত। কিন্তু ঠিক যেন আগেকার মত স্বাদ নেই।’ — কোন গল্পের অংশ? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১ + ৪

- ৬) ‘ভুলুম না ভাই এই রাত্রের কথা, নসিবে থাকলে আবার তোমার লগে মোলাকাত হইব।’ — কে, কাকে একথা বলেছেন ? বক্তা কোন ‘রাত্রের’ কথা ভুলতে পারবে না ? বক্তার ‘নসিবে’ শেষ পর্যন্ত কী ঘটেছিল ?

১ + ১ + ১ + ২

### অথবা

‘ওস্তাদ ছেলে । পৌত্রিক হ্বার পর নিজের দেবতাও বেছে নিয়েছে এমন এক দাঢ়িওয়ালাকে, যে কলমা পড়ে !’ কে, কাকে একথা বলেছে ? ‘দাঢ়িওয়ালা’ বলতে কাকে বোঝানো হয়েছে ? উক্তিটির মধ্য দিয়ে কোন মনোভাব প্রকাশ পেয়েছে ?

১ + ১ + ১ + ২

CNT0726030  
L2888-00001